# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আবু আহমদ ছিদ্দিকী, এনডিসি, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন
সভার তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ, বিকাল ৪:০০ ঘটিকা
স্থান : সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও পবিত্র গীতা থেকে পাঠ করার জন্য যথাক্রমে জনাব আলী আকবর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও জনাব জ্যোতিষ চক্রবর্তীকে প্রধান নির্বাহী কর্মকর্তা আহবান জানান। সাম্প্রতিক বৈষম্যবিরোধী আন্দোলনে যারা শহীদ হয়েছেন তাদের আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, স্থানীয় সরকার বিভাগের ২৬.০৯.২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪ স্মারকমূলে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) সংশোধন অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। অত:পর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

**২। নব গঠিত কমিটি গঠন ও দায়িত্ব সংক্রান্ত আলোচনা:**

প্রধান নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটি ২৬.০৯.২০২৪ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৭০. ১৮.০০০৬.২৪-৯৫৪ স্মারকমূলে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) সংশোধন অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটি সভায় উপস্থাপন করা হয়। এ প্রসঙ্গে সভাপতি বলেন, সরকার কর্তৃক গঠিত কমিটির সদস্যগণকে নিয়মিতভাবে দায়িত্ব পালন অতীব জরুরী। পরিবর্তিত পরিস্থিতিতে জনসেবা যাতে নির্বিঘ্নে প্রদান করা যায় সে লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। জনসাধারণ যাতে কোনভাবেই হয়রানির শিকার না হন এবং সেবাসমূহ যেন নিরবিচ্ছিন্নভাবে প্রদান করা হয় তা অবশ্যই নিশ্চিত করতে হবে। প্রতিটি ওয়ার্ডে সিটি কর্পোরেশনের জরুরী যে সেবাগুলো প্রদান করা হয় সেগুলোর সাথে সম্পৃক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সমন্বয়ে প্রতিটি ওয়ার্ড একটি কমিটি গঠন করা হবে। কমিটির দায়িত্বপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা তিনটি ওয়ার্ডের দায়িত্ব পালন করবেন। দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড গুলোর তালিকা নিম্নরূপ:

| ক্রম | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ |
|---|---|---|
| ১ | জনাব আহসান উদ্দিন আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, সিলেট | ১, ২ ও ৩ |
| ২ | জনাব মোঃ ওসমান গনী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট | ৪, ৫ ও ৬ |
| ৩ | জনাব সুবর্ণা সরকার, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ৭, ৮ ও ৯ |
| ৪ | জনাব মোঃ আজহারুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট | ১০, ১১ ও ১২ |
| ৫ | জনাব মুহাম্মদ শেখ সাদী রহমতউল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল, সিলেট | ১৩, ১৪ ও ১৫ |
| ৬ | প্রকৌঃ মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট | ১৬, ১৭ ও ১৮ |
| ৭ | জনাব মুহাম্মদ দেলোয়ার হোসাইন, নিবার্হী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট | ১৯, ২০ ও ২১ |
| ৮ | জনাব মোঃ জোবায়েদুর রহমান, অতিরিক্ত পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট | ২২, ২৩ ও ২৪ |
| ৯ | জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট | ২৫, ২৬ ও ২৭ |
| ১০ | জনাব আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াদুদ, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট | ২৮, ২৯ ও ৩০ |
| ১১ | জনাব মোঃ জালাল উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট | ৩১, ৩২ ও ৩৩ |

# সিলেট সিটি কর্পোরেশন

## নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

| ক্রম | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ |
|---|---|---|
| ১২ | জনাব ডাঃ মোঃ আনিসুর রহমান, পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট | ৩৪, ৩৫ ও ৩৬ |
| ১৩ | জনাব মোহাম্মদ নাজমুল আলম, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট | ৩৭, ৩৮ ও ৩৯ |
| ১৪ | জনাব মোঃ মনিরুজ্জামান, বিভাগীয় উপপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট | ৪০, ৪১ ও ৪২ |

সভাপতি আরো বলেন, প্রতিটি ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম, উত্তরাধিকার সনদ প্রদান, ভোটার তালিকা প্রণয়নের কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। উক্ত কার্যক্রমে সংশ্লিষ্ট ওয়ার্ডের সচিবগণ তদন্তপূর্বক প্রতিবেদন দিবেন। সেই প্রতিবেদনের ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সার্টিফিকেট ইস্যু করবেন। তিনি আরো বলেন, সরকার কর্তৃক গঠিত কমিটিতে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর তাদের প্রতিনিধি প্রেরণ করতে পারবেন। অন্যান্য কর্মকর্তাগণের ক্ষেত্রে তাদের নিজেদেরই দায়িত্ব পালন করতে হবে। সেখানে প্রতিনিধি প্রেরণের কোন সুযোগ নেই। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আইন ও বিধি অনুযায়ী প্রতিটি ওয়ার্ডে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন। পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, উন্নয়নমূলক কার্যক্রমসহ অন্যান্য কী কী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে, সে বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক আগামী সাত দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের কর্মপরিকল্পনা দাখিল করবেন। তাছাড়া প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, পূর্বে সিলেট সিটি কর্পোরেশনের ৪২টি ওয়ার্ডে ৫৬টি ওয়ার্ড কার্যালয় ছিল। সে অফিসগুলো স্থানান্তর করা প্রয়োজন। অফিসগুলোতে ফার্নিচার ও কম্পিউটার অত্র কার্যালয় থেকে প্রদান করা হয়েছিল। অফিসিয়াল ফার্নিচার ও কম্পিউটারগুলো সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবের কাছে হস্তান্তরের জন্য পত্র প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি সচিবকে আহবায়ক করে প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান সম্পত্তি কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রশাসনিক কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবগণ আগামী একদিনের মধ্যে ওয়ার্ডের সুবিধাজনক স্থানে নতুন অফিস স্থাপন করা যায় এ বিষয়ে তথ্য প্রেরণ করবেন। ওয়ার্ড কার্যালয়ের ভাড়া বাবদ প্রতি মাসে প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরকে ৮০০০/- প্রদান করা হতো। তিনি এই বাজেটের মধ্যে নতুন ওয়ার্ড অফিস ভাড়া করে কার্যক্রম পরিচালনার প্রস্তাব দেন।

তাছাড়া, উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট জন্ম মৃত্যু নিবন্ধনের আইডির কোন সংশোধন প্রয়োজন কিনা এ বিষয়ে জানতে চান। এ প্রসঙ্গে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, জন্ম মৃত্যু নিবন্ধনের সাথে যেহেতু জনপ্রতিনিধিগণ আগেও সম্পৃক্ত ছিলেন না সেহেতু নতুন করে জন্ম মৃত্যু নিবন্ধনের আইডি সংশোধন করার প্রয়োজন নেই।

**সিদ্ধান্ত:**

ক) পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, উন্নয়নমূলক কার্যক্রমসহ অন্যান্য কী কী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে, সে বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক আগামী সাত দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের কর্মপরিকল্পনা দাখিল করবেন।

খ) পুরাতন ওয়ার্ড কার্যালয় হতে আসবাবপত্র, কম্পিউটারসহ অফিসের যাবতীয় মালামাল সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবের দায়িত্বে বুঝে নেয়ার জন্য পত্র প্রেরণ করতে হবে।

গ) নিম্নোক্ত কমিটির সাথে যোগাযোগ করে পুরাতন ওয়ার্ড কার্যালয় হতে আসবাবপত্র, কম্পিউটারসহ অফিসের যাবতীয় মালামাল সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবদের বুঝে নিতে হবেঃ

| | |
|---|---|
| ১. সচিব, সিলেট সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২. প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩. প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. নির্বাহী ম্যাজিস্ট্রেট, সিলেট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫. নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), সিলেট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৭. প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |

ঘ) প্রত্যেক ওয়ার্ড সচিবগণ আগামী একদিনের মধ্যে ওয়ার্ডের সুবিধাজনক স্থানে নতুন অফিস স্থাপন করার প্রস্তাব প্রেরণ করবেন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

ঙ) সরকার কর্তৃক গঠিত কমিটিতে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর তাদের প্রতিনিধি প্রেরণ করতে পারবেন। অন্যান্য কর্মকর্তাগণের ক্ষেত্রে তাদের নিজেদেরই দায়িত্ব পালন করতে হবে। সেখানে প্রতিনিধি প্রেরণের কোন সুযোগ নেই।

**৩। কমিটির সদস্যদের সহায়তার লক্ষ্যে ওয়ার্ড ভিত্তিক উপ-কমিটি গঠন:**
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সহযোগীতা বা সহায়তা প্রদানের জন্য সিলেট সিটি কর্পোরেশনের পূর্ত শাখা, বিদ্যুৎ শাখা, পানি শাখা, স্বাস্থ্য শাখা, কর আদায় শাখা, লাইসেন্স শাখা ও বর্জ্য ব্যবস্থাপনা শাখা থেকে সংশ্লিষ্ট ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের নিয়ে ৪২টি ওয়ার্ডে ৪২টি উপ-কমিটি গঠন করা হয়েছে। বিস্তারিত তথ্যাদি **পরিশিষ্ট 'খ'** –এ সংযোজন করা হলো।

**সিদ্ধান্ত:**
ক) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের নিয়ে গঠিত কমিটির অফিস আদেশ জারি করতে হবে।

**৪। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৩-২০২৪ অনুমোদন সংক্রান্ত আলোচনা:**
স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী কর্পোরেশন প্রত্যেক বছর সরকার কর্তৃক নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে কর্পোরেশনের কার্যক্রমের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করবে এবং পরবর্তী অর্থবছরের ২০ সেপ্টেম্বরের মধ্যে উহা প্রকাশ করবে মর্মে উল্লেখ রয়েছে। সে অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**
ক) সিলেট সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**৫। ২০২৪ এ আকস্মিক বন্যায় ত্রাণ সামগ্রী ও রান্না করা খাবারের অবশিষ্ট বিল পরিশোধ বিষয়ে আলোচনা:**
প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, ২০২৪ সালে জুন থেকে জুলাইয়ে অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানির ঢলে সিলেট মহানগর এলাকায় ৪ বার আকস্মিক বন্যা দেখা দেয়। সিলেট সিটি কর্পোরেশনের পক্ষ থেকে বন্যা আক্রান্তদের মাঝে জরুরী ঔষধ, শুকনা খাবার এবং আশ্রয়কেন্দ্রসমূহে রান্না খাবার সরবরাহ করা হয়েছে। সর্বশেষ ১৮ জুন ২০২৪ হতে ২৩ জুন ২০২৪ পর্যন্ত সিলেট সিটি কর্পোরেশন বিভিন্ন প্রতিষ্ঠান হতে রান্নার সামগ্রী এবং শুকনা খাবার সংগ্রহ পূর্বক বিতরণ করা বাবদ মোট ৫৬,৫৫,৩৬৯/- (ছাপ্পান্ন লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত উনসত্তর) টাকা ব্যয় করা হয়েছে। তন্মধ্যে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) অগ্রিম উত্তোলন করা হয়েছিল। অগ্রিম সমন্বয় পূর্বক অবশিষ্ট (৫৬,৫৫,৩৬৯-৪০,০০,০০০)=১৬,৫৫,৩৬০/- (ষোল লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত ষাট) টাকা বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তিনি আরও বলেন, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৭৬ (১) ধারা অনুসরণ করে উক্ত ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং একটি প্রতিষ্ঠানের সাথে এক বছরের চুক্তি করা হয়েছে। সভাপতি বলেন, পিপিআর অনুসরণ করে কোন প্রতিষ্ঠানের সাথে চুক্তি হয়ে থাকলে তার বিস্তারিত তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করার নির্দেশ দেন।

**সিদ্ধান্ত:**
ক) সিলেট সিটি কর্পোরেশনে ১৮-২৩ জুন ২০২৪ পর্যন্ত বন্যা মোকাবেলায় রান্নার সামগ্রী এবং শুকনা খাবার সংগ্রহ পূর্বক বিতরণ করা বাবদ মোট ৫৬,৫৫,৩৬৯/- (ছাপ্পান্ন লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত উনসত্তর) টাকা ব্যয়ের বিস্তারিত তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**৬। আসন্ন শারদীয় দুর্গাপুজা ২০২৪ সংক্রান্ত আলোচনা:**
প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, প্রতি বছরের ন্যায় ০১/১০/২০২৪ খ্রি. তারিখ শারদীয় দুর্গাপুজা ২০২৪ উপলক্ষে সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ (৬ষ্ঠ তলা)-এ মতবিনিময় সভা ও অনুদান বিতরণ করা হবে। প্রতিটি মন্ডপের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা করে অনুদান প্রদান করা হবে। তিনি আরও জানান, শারদীয় দুর্গাপুজা উপলক্ষে সরকার

# সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, সিলেট।
www.scc.gov.bd

কর্তৃক প্রতিটি মন্ডপের জন্য ৫০০ কেজি চাল বরাদ্দ করা হয়েছে। সভাপতি বলেন, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় ৭৭টি মন্ডপে এবার শারদীয় দুর্গাপুজা পালন করা হবে। এ বিষয়ে পুজা মনিটরিং কমিটি গঠন করা যেতে পারে যারা পুজা চলাকালীন সময়ে সিটি কর্পোরেশন এলাকার পুজা মন্ডপগুলো পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

সিদ্ধান্ত:
ক) ওয়ার্ড ভিত্তিক গঠিত উপ-কমিটি আসন্ন দুগাপুজা উপলক্ষ্যে পুজা মন্ডপগুলো পরিদর্শনপূর্বক মনিটরিং কার্যক্রম পরিচালনা করবে।

৭। **বিবিধ আলোচনা:**
নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছেঃ

(ক) অবকাঠামো প্রকল্পের আওতায় ইসলামপুর টেক্সট্রাইল সড়ক হতে অর্চিড নার্সারি পর্যন্ত আরসিসি ড্রেন ই-টেন্ডার আইডি-১০১৪৪৩৬, ৩০/০৯/২০২৪ ইং তারিখে সভায় উপস্থাপন করা হয় এবং ১০% কমে ১,৮৭,২৪,৯২৩/- টাকার কার্যাদেশ জনাব মোঃ হেলাল উদ্দিন, হাউজ নং ৬১, সড়ক নং-৩, ব্লক-জি, উপশহর, সিলেট-কে প্রদান করা হয়।

(খ) এডিপি/এডিপি স্পেশাল/সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল হতে (১)Dhupadighi market, (২)Railway station public toilet, (৩)Diabetic Hospital Puranlane (৪)Rikabibazar Kacha Bazar, (৫)North Surma Bus terminanl public toilet–এ ০৫টি গভীর নলকূপ স্থাপন বাবদ প্রাক্কলিত ব্যয় ১৮,১৬,৩২০.০৩ টাকায় ওপেন টেন্ডারিং পদ্ধতিতে আহবানের জন্য অনুমোদন হয় এবং সধারণ সভায় বিষয়টি উপস্থাপন করা হয় এবং অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি ও প্রশাসক মহোদয় জনস্বার্থ বিবেচনা করে প্রতিষ্ঠানে গভীর নলকূপ প্রদানের সিদ্ধান্ত প্রদান করেন।

(গ) সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন ও খাল পরিস্কারের জন্য ১৭, পদাতিক ডিভিশন হতে সিলেট সিটি কর্পোরেশনকে টেকনিক্যাল সার্পোট প্রদান করা হয় এবং টেকনিক্যাল কমিটি মোট ৩৫ দিনের কার্যক্রম হিসেবে ১৩,০০,১৯৫/- টাকার বিল প্রাইভেট হিসাব নং- ০০১১০২১০০১৪০৮৮, ট্রাস্ট ব্যাংক , জালালাবাদ সেনানিবাস শাখায় প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) ম্যাটেরিয়াল রিকভারী প্ল্যান্ট পরিচালনার জন্য ডাম্পিং গ্রাউন্ড উন্নয়নের জন্য ই-জিপিতে ই-টেন্ডার আইডি ১০০৬৫৩৯ আহবান করা হয়। প্রকল্পটি সিলেট সিটি কর্পোরেশনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের কোন সিটি কর্পোরেশনের এই ধরনের প্ল্যান্ট নেই। প্রকল্পটি বাস্তবায়নে লাফার্জ হোলসিম বাংলাদেশ লিঃ সিলেট সিটি কর্পোরেশনকে কারিগরী সহায়তা প্রদান করছেন এবং ৩.৫০ কোটি টাকা প্রদান করেছেন। দাখিলকৃত দরপত্রটি টেকনিক্যাল ইভালুয়েশন কমিটির মতামত অনুযায়ী Responsive দরপত্র হিসেবে বিবেচিত হয়েছে। পিপিআর-২০০৮ এর ৯৮ (১৪) ধারা মোতাবেক সিংগেল দরপত্র Responsive টেন্ডার হলেও কার্যাদেশ প্রদান করা যাবে মর্মে সভায় একমত পোষণ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঙ) চলতি অর্থবছরের খাতওয়ারী বাজেট প্রণয়নপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে।

চ) জরুরী মেরামত, মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা নিমিত্ত ১০ কোটি টাকার বিশেষ বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।

(ছ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা তার শাখার আগস্ট '২৪ ও সেপ্টেম্বর'২৪ মাসের ব্যয়ের বিবরণী সভায় সকলের অবগতি ও অনুমোদনের জন্য উপস্থাপন করেন:

**আগস্ট'২৪ মাসে বর্জ্য ব্যবস্থাপনা শাখার ব্যয়ের বিবরণীর সারসংক্ষেপ-**

১। আগষ্ট মাসের শ্রমিকদের মজুরী বাবদঃ (৪৮৪জন শ্রমিক×৩০দিন×৫০০/-) = **৭৫,০২,০০০/-টাকা**
২। আগষ্ট মাসের ওয়ার্ড শ্রমিকের মজুরী বাবদঃ

Sovar Notice



(৪২টি সাধারণ ওয়ার্ড× ১০জন ×১৫,৫০০/-) = ৬৫,১০,০০০/-টাকা

(১৪টি সংরক্ষিত ওয়ার্ড× ০৪জন ×১৫,৫০০/-) = ৮,৬৮,০০০/-টাকা

**সর্বমোট = ৭৩,৭৮,০০০/-টাকা**

৩। আগষ্ট ১৭১ জন সুইপারদের মজুরী বাবদঃ = ৪,৩৮,০৪৬/- টাকা

**আগস্ট ২০২৪ মাসে সর্বমোট ব্যয়: ১,৫৩,১৮,০৪৬/-টাকা**

আগস্ট'২৪ মাসে বর্জ ব্যবস্থাপনা শাখায় সর্বমোট এক কোটি তিপ্পান্ন লক্ষ আটারো হাজার ছেচল্লিশ টাকা ব্যয় হয়েছে।

**সেপ্টেম্বর'২৪ মাসে বর্জ্য ব্যবস্থাপনা শাখার ব্যয়ের বিবরণীর সারসংক্ষেপ-**

১। সেপ্টেম্বর মাসের শ্রমিকদের মজুরী বাবদঃ

(৪৮৪জন শ্রমিক×১৫দিন×৫০০/-) = ৩৬,৩০,০০০/-টাকা

(৪৩৪জন শ্রমিক×১৫দিন×৫০০/-) = ৩২,৫৫,০০০/- টাকা

**সর্বমোট = ৬৮,৮৫,০০০/-টাকা**

২। সেপ্টেম্বর মাসের ওয়ার্ড শ্রমিকের মজুরী বাবদঃ

(৪২টি সাধারণ ওয়ার্ড× ১০জন ×১৫,০০০/-)= ৬৩,০০,০০০/-টাকা

(১৪টি সংরক্ষিত ওয়ার্ড× ০৪জন ×১৫,০০০/-)= ৮,৪০,০০০/-টাকা

**সর্বমোট = ৭১,৪০,০০০/-টাকা**

৩। ১৭১ জন সুইপারদের মজুরী বাবদঃ

সেপ্টেম্বর মাসের মজুরী = ৪,৩৬,০৯০/- টাকা

শারদীয় পূর্জা উপলক্ষ্যে অনুদান/ বোনাস = ৬,৯৩,১৯০/- টাকা

**সর্বমোট = ১১,২৯,২৮০ টাকা**

৪। জরুরী ভিত্তিতে সরাসরি পদ্ধতিতে ২০৮ কেজি শলার ঝাড়ু ক্রয় বাবদঃ ২৪,৯৬০/-টাকা

৫। হকার উচ্ছেদ সংক্রান্ত ০৭ দিন মাইকিং বাবদঃ ৪৭,৩৬২.৫০/-টাকা

৬। নগর ভবনের পরিস্কার কাজের জন্য সরাসরি পদ্ধতিতে মনিহারী দ্রব্যদি ক্রয়ঃ ২৪,৫৬০/-টাকা

**সেপ্টেম্বর ২০২৪ মাসে সর্বমোট ব্যয়: ১,৫২,৫১,১৬২.৫০/-টাকা**

সেপ্টেম্বর'২৪ মাসে বর্জ্য ব্যবস্থাপনা শাখায় সর্বমোট এক কোটি বায়ান্ন লক্ষ একান্ন হাজার একশত বাষট্টি টাকা পঞ্চাশ পয়সা।

সভায় উপস্থাপিত তথ্যাদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে আগস্ট'২৪ ও সেপ্টেম্বর'২৪ মাসের ব্যয়ের বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(জ) গত ০৫/০৮/২০২৪ তারিখ এবং এর পূর্বে আন্দোলন চলাকালে সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখা কর্তৃক ব্যবহৃত গাড়ীর মধ্যে সর্বমোট ৫০টি যানবাহন **(পরিশিষ্ট 'গ')** ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত যানবাহনগুলো বর্জ্য, পানি ও বিদ্যুৎ এর ন্যায় জরুরী সেবা প্রদানে নিয়োজিত থাকে বিধায় জরুরীভাবে ডিপিএম পদ্ধতিতে মেরামত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঝ) হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশনে সকল শাখায় মাস্টাররোলে কর্মরত কর্মকর্তা/কর্মচারী মোট ২৬৫ জনের শারদীয় দূর্গাপূজা অক্টোবর/২০২৪ উপলক্ষ্যে অনুদান বাবদ ২৬,৮৫,০০০/- (ছাব্বিশ লক্ষ পঁচাশি হাজার টাকা) মাত্র প্রদানের অনুমতির জন্য সভায় উপস্থাপন করেন। প্রত্যেক বছরের ন্যায় গত বছরেও অনুদান বাবদ এ অর্থ প্রদান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে ২৬৫ জনের শারদীয় দূর্গাপূজা অক্টোবর/২০২৪ উপলক্ষ্যে অনুদান বাবদ ২৬,৮৫,০০০/- (ছাব্বিশ লক্ষ পঁচাশি হাজার টাকা) মাত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঞ) দুর্গাপুজা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে নগর ভবন আলোকসজ্জাকরণ, নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে তোরণ নির্মাণ এবং আনুষজ্ঞিক কার্যক্রম বাস্তবায়নের জন্য মোট ২,৭৭,০০০/-(দুই লক্ষ সাতাত্তর হাজার) টাকা ব্যয় হতে পারে বলে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে দুর্গাপুজা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মোট ২,৭৭,০০০/-(দুই লক্ষ সাতাত্তর হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

(ট) হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশনে সকল শাখায় চুক্তিভিত্তিক ও মাস্টাররোলে কর্মরত ১৫৩৯ জন কর্মকর্তা/কর্মচারীদের আগস্ট ২০২৪ মাসে বেতন বাবদ মোট ২,৫৬,৪৬,০৫৭/-( দুই কোটি ছাপ্পান্ন লক্ষ ছেচল্লিশ হাজার সাতান্ন) টাকা ব্যয় হয়েছে। তাছাড়া, নগর প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র সমূহের জুলাই ২০২৪ মাসের বাসাভাড়া ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার), জুলাই ২০২৪ মাসের গ্রামীনফোন ইন্টারনেট বিল বাবদ ১৯,৮৪৮.৭৮/-(উনিশ হাজার আটশত আটচল্লিশ টাকা আটাত্তর পয়সা), জুলাই ২০২৪ মাসের পরিচ্ছন্ন কর্মীর বেতন মাসিক ২৮,০০০/-(আটাশ হাজার), ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২৪ মাসের ২৭টি ওয়ার্ডের ভ্যাকসিন বিল বাবদ ২,১০,৬০২/-(দুই লক্ষ দশ হাজার ছয়শত দুই) টাকা ব্যয় করা হয়েছে।

(ঠ) তাছাড়া, চুক্তিভিত্তিক জনবল হিসেবে আগস্ট ২০২৪ মাসে আব্দুল আলিমকে ২০,০০০/-( বিশ হাজার), রুট সফট আই টি-কে ১,১৪,০০০/-(এক লক্ষ চৌদ্দ হাজার), অনিল কৃষ্ণ মজুমদারকে ৭০,০০০/-(সত্তর হাজার), ৪৮৪ জন লেবারের আগষ্ট-২৪ মাসের বিল বাবদ ৭৫,০২,০০০/-(পঁচাত্তর লক্ষ দুই হাজার), ১৭১ জন সুইপারের আগষ্ট-২৪ মাসের বিল বাবদ ৪,৩৮,০৪৬/-(চার লক্ষ আগত্রিশ হাজার ছেচল্লিশ), নক্সা অনুমোদন কমিটির সম্মানী বাবদ ৫৭,০০০/-( সাতান্ন হাজার), নিরাপত্তা কর্মীদের আইডি কার্ড তৈরি বাবদ ১৮,৮৬০/-(আটারো হাজার আটশত ষাট), জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপির আগষ্ট-২৪ মাসের বেতন বাবদ ৩,১১,৩০২/-(তিন লক্ষ এগারো হাজার তিনশত দুই), আনসার কমান্ডর ষ্টিয়ারিং ফোর্স এর আগষ্ট-২৪ মাসের বেতন বাবদ ৩,৪৫,০০০/-(তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার), আনসার কমান্ডর ষ্টিয়ারিং ফোর্স এর জুলাই-২৪ মাসের বেতন বাবদ ৪,১৯,১৪১/-(চার লক্ষ উনিশ হাজার একশত একচল্লিশ), ৪৭৬ জন কাউন্সিলরের লেবারের আগষ্ট-২৪ মাসের বিল বাবদ ৭৩,৭৮,০০০/-(তিয়াত্তর লক্ষ আটাত্তর হাজার), মানিক পীর টিলায় বেওয়ারিশ লাশ দাফনের অগ্রিম বাবদ ৬৯,০০০/-(উনসত্তর হাজার), টুলটিকর আঞ্চলিক অফিস ভাড়া বাবদ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার),সিটিনেট সদস্য ফিস প্রদান বাবদ ২,১৩,৬০০/-(দুই লক্ষ তেরো হাজার ছয়শত) টাকা ব্যয় করা হয়েছে।

(ড) হিসাবরক্ষণ কর্মকর্তা আরো বলেন, সিলেট সিটি কর্পোরেশনে মনিপুরী জন্মাষ্টমী উদযাপন পরিষদে অনুদান বাবদ ৭০,০০০/-(সত্তর হাজার), সার্বজনীন জন্মাষ্টমী উদযাপন পরিষদে অনুদান বাবদ ৭০,০০০/-(সত্তর হাজার), মহালয়া উদযাপন পরিষদে অনুদান বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ), অফিস এবং পাঠাগারে পত্রিকা সরবরাহ বাবদ ৪৭,২৫৮/-(সাতচল্লিশ হাজার দুইশত আটান্ন) এবং শারদীয় দুর্গাপুজা উপলক্ষে ৭৭টি প্রতিষ্ঠানকে ৩০০০০×৭৭=২৩,১০,০০০/-(তেইশ লক্ষ দশ হাজার) টাকা অনুদান দেয়া হয়েছে। উত্থাপিত ব্যয় ও অনুদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যা ব্যয় হয়েছে, সেগুলো নিয়মিত ব্যয় এবং পুজা ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠানে যে অনুদান প্রদান করা হয়েছে সেপরিমাণ অর্থ পূর্বের বছরগুলোতেও প্রদান করা হয়েছিল। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে উক্ত ব্যয়গুলোর সর্বসম্মত অনুমোদন প্রদান করা হয়।

৮। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/১০/২০২৪

আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.০১৩.২৪.২৮৭৭

তারিখ: ০১.১০.২০২৪ খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব জুবায়েদুর রহমান, উপ-পুলিশ কমিশনার, সিলেট

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

৩. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৪. জনাব মোঃ আজহারুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট
৫. জনাব মোঃ শেখ সাদী রহমতুল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
৬. জনাব মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
৭. জনাব আহসান উদ্দিন আহমদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
৮. জনাব মোঃ উসমান গনি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট
৯. জনাব মোঃ দেলোয়ার হোসেইন, নিবাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট
১০. জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
১১. জনাব এ এস এম আব্দুল ওয়াদুদ, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, সিলেট
১২. জনাব মোঃ জালাল উদ্দিন, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
১৩. জনাব ডা. মোঃ আনিসুর রহমান, পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট
১৪. জনাব মোঃ নাজমুল আলম, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট
১৫. জনাব মোঃ মনিরুজ্জামান, বিভাগীয় উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স
১৬. শাখা প্রধান, ............................(সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.০১৩.২৪.২৮৭৭ তারিখ: ০১.১০.২০২৪ খ্রি.

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

১.১০.২৪

(মোঃ আশিক নূর)
সচিব
ফোন: ০২৯৯৬৬-৩৬০৬৪
ই-মেইল: secretary@scc.gov.bd